



বিল্ডিং কোড অনুসরণ
নিশ্চিত করে নিরাপদ ভবন

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

HOUSING AND BUILDING RESEARCH INSTITUTE (HBRI)

Ministry of Housing and Public Works



স্মারক নং: ২৫.৪৪.২৬০০.০০০.১৪.০৪৬.১৫- ২৭৭৬

তারিখ: ০৬/১০/২০২১

রিসার্চ ফেলো নিয়োগ বিজ্ঞপ্তি

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট (এইচবিআরআই) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্থ গৃহায়ন ও নির্মাণ বিষয়ক জাতীয় গবেষণা প্রতিষ্ঠান। অত্র প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে এইচবিআরআই গবেষণা খাতের আওতায় অস্থায়ী ভিত্তিতে মৃত্তিকা বিভাগে ০২ (দুই) জন এবং নির্মাণ ও কাঠামো বিভাগে ০২ (দুই) জন, সর্বমোট ০৪ (চার) জন রিসার্চ ফেলো নিয়োগ করা হবে। গবেষণায় আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ছকে সুনির্দিষ্ট গবেষণা প্রকল্প প্রস্তাবনাসহ দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, প্রস্তাবিত প্রকল্পের মেয়াদ কোনোক্রমেই ০২ (দুই) বছরের অধিক হবে না।

শর্তাবলী:

১. ন্যূনতম যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রী।
২. চাহিত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৩. প্রার্থীর সকল পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে কমপক্ষে ৪.০০ অথবা জিপিএ ৪.০০ এর মধ্যে কমপক্ষে ৩.০০ থাকতে হবে।
৪. প্রার্থীর বয়স ২১-১০-২০২১ তারিখে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে।
৫. সর্বসাকুল্যে মাসিক ভাতার পরিমাণ টাকা-৩৫,০০০.০০ (পঁয়ত্রিশ হাজার)।
৬. আবেদন ফরম নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তর হতে সরাসরি অথবা www.hbri.gov.bd ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে। বিস্তারিত তথ্যের জন্য অত্র অফিসে যোগাযোগ করা যেতে পারে।
৭. আবেদন পত্রের সাথে সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযোজন করতে হবে। আবেদনপত্র সরাসরি/ডাকযোগে ২১-১০-২০২১ তারিখের মধ্যে প্রজেক্ট অফিসার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট বরাবর পৌঁছাতে হবে।
৮. নিয়োগপ্রাপ্ত ফেলো প্রস্তাবিত সময়ের পূর্বে চাকুরী হতে ইন্তিফা প্রদান করতে চাইলে তাকে অবশ্যই প্রস্তাবিত প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে এবং প্রজেক্ট কমপ্লিশন রিপোর্ট দাখিল করতে হবে।
৯. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদের সংখ্যা পরিবর্তন করতে পারবেন।

স্বাক্ষর
০৪.১০.২১

ড. সৈয়দা সায়িকা বিনতে আলম

প্রজেক্ট অফিসার

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬